তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ২-৩ কলাম ১

সমকাল

কুমিল্লায় শিক্ষামন্ত্রী

# নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় গড়ে তুলতে হবে

নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

নতুন প্রজন্মের মাঝে শিক্ষার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড প্রসার ঘটানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল রোববার কুমিল্লার শহীদ ধীরেন্দ্র নাথ দত্ত স্টেডিয়ামে পাঁচ দিনব্যাপী ৪৫তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির আয়োজনে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কুমিল্লার ব্যবস্থাপনায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, শিক্ষার্থীদের প্রযুক্তিনির্ভর বিশ্বমানের শিক্ষায় গড়ে তুলতে হবে। শিক্ষার্থীদের নৈতিক, মানবিক ও আধুনিক মূল্যবোধ সম্পন্নভাবে গড়ে তুলতে আমরা কাজ করছি। জঙ্গিবাদ মোকাবেলার আহ্বান জানিয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, পৃথিবীর বিভিন্ন দেশ আফগানিস্তান, পাকিস্তান ও সিরিয়ায় জঙ্গিরা মানুষ হত্যা করছে। পাশ্চাত্যের বিভিন্ন দেশেও জঙ্গিবাদ ছড়িয়ে পড়েছে। এটা একটা বৈশ্বিক সমস্যা। এ সমস্যা মোকাবেলায় এবং শিক্ষাঙ্গনকে জঙ্গিমুক্ত পৃষ্ঠা ১১ : কলাম ৩

## নতুন প্রজন্মকে

[১৫ পৃষ্ঠার পর]

রাখতে আমরা বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছি। সবার সহায়তা নিয়ে দেশে জঙ্গিবাদ মোকাবেলা করা হচ্ছে। যেসব জঙ্গি ইতিমধ্যে মারা গেছে, তাদের লাশ বাবা মাও গ্রহণ করছেন না।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন কুমিল্লা সদর আসনের এমপি হাজি আ ক ম বাহাউদ্দিন, শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. অরুণা বিশ্বাস, কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবদুল খালেক, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান একেএম ছায়েফ উল্লাহ, কুমিল্লার জেলা প্রশাসক মো. হাসানুজ্জামান কল্লোল, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ।

পাঁচ দিনের এ প্রতিযোগিতায় দেশের বিভিন্ন অঞ্চলের ৫০টি মাধ্যমিক বিদ্যালয় এবং সাতটি মাদ্রাসার মোট ৪২৪ প্রতিযোগী অংশ নিচ্ছে।